

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৫২৮৬  
পানিসাগর, ২৬ মার্চ, ২০২৪

**পানিসাগর মহকুমা ভিত্তিক দোল উৎসব**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে পানিসাগর নগর পঞ্চায়েতের সহযোগিতায় গত ২২ মার্চ পানিসাগরে মহকুমা ভিত্তিক বসন্ত ও দোল উৎসব অনুষ্ঠিত হয়। পানিসাগর টাউনহলে আয়োজিত দোল উৎসবের উদ্বোধন করেন পানিসাগর ব্লকের বিডিও নবব্রত দত্ত। পানিসাগর নগর পঞ্চায়েতের উপ কার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার সংক্ষিপ্ত আলোচনা করেন। মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠান শুরুর আগে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা টাউনহল প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

\*\*\*\*\*